



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৭১৪২২৪০১/ ৬০২ / নথি নং-১১২

তারিখঃ ২৬.০৯.২০১৮খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

সূত্রঃ স্মারক নং- ০৫.৪৩.৭৬২২.০০০.১৩.০২৬.১৮-৯৬৬; তারিখঃ ১৫/০৭/২০১৮খ্রিঃ


২) নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৭১৪২২৪০১/৫০০/ নথি নং-১১২; তারিখঃ ২৮.০১.২০১৮খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, পাবনা জেলার চাটমোহর উপজেলাধীন চরনবীন লাঙ্গল মোড়া ওয়ারেছিয়া দাখিল মাদ্রাসার সভাপতির বিরুদ্ধে ভূয়া দাতা সদস্য হয়ে মাদ্রাসা কর্তৃপক্ষের সাথে যোগসাজস করে সভাপতি পদে নির্বাচিত হওয়াসহ বিভিন্ন অনিয়মের বিষয় উল্লেখ করে জনৈক অভিভাবক মোঃ নাজির উদ্দিন অত্র বোর্ডে অভিযোগ দাখিল করেন।

উপরিউক্ত অভিযোগসহ মাদ্রাসার সার্বিক বিষয়ে সরজমিনে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, চাটমোহর, পাবনাকে সূত্রে উল্লিখিত ২নং স্মারকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা একাডেমিক সুপারভাইজার, চাটমোহর, পাবনা এর মাধ্যমে তদন্ত পূর্বক সূত্রোক্ত ১নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, অভিযোগকারী মোঃ নাজির উদ্দিন এর আনীত অভিযোগ অর্থাৎ জনাব মোঃ বাবলুর রহমান (সভাপতি) কর্তৃক একটি ধর্মীয় প্রতিষ্ঠানের নামে ভূয়া দলিল দেখানো এবং জনাব মোঃ আব্দুস সামাদ (সুপারিনটেনডেন্ট) একটি মাদ্রাসার দায়িত্বশীল পদে থাকা সত্ত্বেও তিনি অনিয়ম করেছেন বলেই বিষয়টি প্রতীয়মান হয় মর্মে উল্লেখ করা হয়েছে।

বর্ণিত অবস্থায় সভাপতি জনাব মোঃ বাবলুর রহমান এবং সুপার মোঃ আব্দুস সামাদ এর এহেন কার্যকলাপের কারণে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা-২০০৯ এর প্রবিধান-৩৮(১) এর ক্ষমতাবলে এ দপ্তর হতে নং- বামাশিবো/প্রশা/১০৫৬৬/নথি নং- ১১২; তারিখঃ ১৮/১০/২০১৬খ্রিঃ স্মারকে অনুমোদিত ম্যানেজিং কমিটির সভাপতি হিসাবে জনাব মোঃ বাবলুর রহমান এর পদ কেন বাতিল করা হবে না এবং জাল-জালিয়াতির সাথে জড়িত থাকা ও মাদ্রাসা পরিপন্থি কাজে লিপ্ত থাকায় কেন সুপার মোঃ আব্দুস সামাদ এর বিরুদ্ধে বিধি মোতাবেক বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না আগামী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে তার সন্তোষজনক জবাব নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে


26.9.18

প্রফেসর মোঃ মজিবুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮



প্রাপকঃ ১) জনাব মোঃ বাবলুর রহমান, সভাপতি, চরনবীন লাঙ্গল মোড়া ওয়ারেছিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর- ছাইকোলা, চাটমোহর, পাবনা।
২) জনাব মোঃ আব্দুস সামাদ, সুপার, চরনবীন লাঙ্গল মোড়া ওয়ারেছিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর- ছাইকোলা, চাটমোহর, পাবনা।

নং-বামাশিবো/প্রশাসন/২৩৩১৭১৪২২৪০১/ ৬০২ / নথি নং-১১২

তারিখঃ ২৬.০৯.২০১৮খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. উপজেলা নির্বাহী অফিসার, চাটমোহর, পাবনা।
২. জেলা শিক্ষা অফিসার, পাবনা।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, চাটমোহর, পাবনা।
৪. সদস্যবৃন্দ- ম্যানেজিং কমিটি, চরনবীন লাঙ্গল মোড়া ওয়ারেছিয়া দাখিল মাদ্রাসা, ডাকঘর- ছাইকোলা, চাটমোহর, পাবনা।
৫. জনাব মোঃ নাজির উদ্দিন, পিতা- মোঃ সোলেমান প্রাং, গ্রাম- লাঙ্গলমোড়া, ডাকঘর- ছাইকোলা, চাটমোহর, পাবনা।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪